

# জি আর আই (GRI) এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) এর মধ্যে সাসটেইনিবিলিটি রিপোর্টিং এর প্রচলন বিষয়ক সহযোগিতা

## প্রচারপত্রটি সম্পর্কে

এই প্রচারপত্রটি বাংলাদেশের স্বনামধন্য প্রতিষ্ঠান এবং নিয়ন্ত্রক সংস্থাগুলোর জন্য প্রস্তুত করা হয়েছে। এর লক্ষ্য মূলত জি আর আই (GRI) এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) এর প্রোগ্রাম সমূহে অংশ নেওয়ার উপকারিতাসমূহ সম্পর্কে সকল অংশীজনকে অবহিত করা। উক্ত প্রোগ্রামগুলি সাসটেইনিবিলিটি রিপোর্ট তৈরি করতে প্রয়োজনীয় দিকনির্দেশনা দান করে এবং বৈশ্বিক মানদন্ড অনুযায়ী অর্থনীতি, পরিবেশ ও সমাজের উপর প্রতিষ্ঠানের প্রভাব সম্পর্কে সাসটেইনিবিলিটি রিপোর্ট তৈরিতে সহায়তা করে। অতিমারীর এই সময়ে সাসটেইনিবিলিটি রিপোর্টিং অন্য যে কোন সময়ের চেয়ে বৈশ্বিক বাণিজ্যের ক্ষেত্রে অধিক প্রাসঙ্গিক। সাসটেইনিবিলিটি রিপোর্ট বর্তমান ও ভবিষ্যতের সংকট মোকাবেলায় ঝুঁকিসমূহ অনুমান ও মোকাবেলায় সাহায্য করে।

## পটভূমি

একটি বৃহৎ কর্মপ্রচেষ্টার অংশ হিসেবে জি আর আই (GRI) এই অঞ্চলে স্টক এক্সচেঞ্জ ও নিয়ন্ত্রণ সংস্থাগুলোর সাথে কাজ করছে, যেন স্বনামধন্য প্রতিষ্ঠানগুলো তাদের সাসটেইনিবিলিটি রিপোর্ট তৈরি করতে পারে এবং টেকসই বাণিজ্যের বিকাশের লক্ষ্যে কাজ করতে পারে। জি আর আই (GRI) সাউথ এশিয়া ২০১৭ সালে অস্ট্রেলিয়ান সরকারের ডিপার্টমেন্ট অফ ফরেন এ্যাফেয়ার্স এন্ড ট্রেড (DFT) এর সাথে সাসটেনিবল ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট থ্রু রিপোর্টিং (STIR) চুক্তিটি নবায়ন করে। এর ধারাবাহিকতায় ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) একটি চুক্তি করে, যার মাধ্যমে তারা স্থানীয় প্রতিষ্ঠান ও নিয়ন্ত্রক সংস্থা সমূহে জি আর আই (GRI) স্ট্যান্ডার্ড – যা কিনা বিশ্বের সব থেকে গ্রহণযোগ্য সাসটেইনিবিলিটি রিপোর্টিং স্ট্যান্ডার্ড – অনুযায়ী সাসটেইনিবিলিটি রিপোর্ট সম্বন্ধে সচেতনতা বৃদ্ধি সম্ভব হয়। জি আর আই (GRI) এর সাথে সমন্বিতভাবে ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) উক্ত **প্রোগ্রামটি তাদের তালিকাভুক্ত বাংলাদেশের প্রতিষ্ঠানগুলোর জন্য** শুরু করেছে যেন উক্ত প্রতিষ্ঠানগুলো নিজস্ব সাসটেইনিবিলিটি রিপোর্ট যথাযথভাবে তৈরি করতে পারে।

> “ আমি এই টেকনিক্যাল প্রশিক্ষণের তিনটি কর্মশালায় অংশ নিয়েছি। উক্ত প্রশিক্ষণ থেকে জি আর আই (GRI) রিপোর্ট সম্পর্কে আমি যথেষ্ট জ্ঞান অর্জন করতে পেরেছি। যদি আমাদের প্রতিষ্ঠান কখনও সাসটেইনিবিলিটি রিপোর্ট তৈরি করে তাহলে উক্ত ট্রেনিং থেকে লব্ধ জ্ঞান এবং অভিজ্ঞতা দ্বারা আমাদের প্রতিষ্ঠান এবং আমাদের অংশীজনেরা উপকৃত হবেন, যা আমাদের প্রতিষ্ঠানের মর্যাদা বৃদ্ধি করবে।
>
> **মোঃ শামিম কবির**, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট,
> কোহিনূর ক্যামিক্যাল কো. (বাংলাদেশ) লিমিটেড

## জি আর আই (GRI) এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) এর সম্মিলিত প্রয়াসে কি অর্জন করতে পারে

জি আর আই (GRI) এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) এর প্রোগ্রামগুলো এমনভাবে সাজানো হয়েছে, যেন তা সাসটেইনিবিলিটি রিপোর্ট তৈরির ক্ষেত্রে আগ্রহী প্রতিষ্ঠান সমূহ কে সাহায্য করতে পারে। এই প্রোগ্রামের বিভিন্ন ধারাবাহিক কর্মশালা ও সেশনের মাধ্যমে সাসটেইনিবিলিটি রিপোর্ট তৈরি করার বিভিন্ন বিষয়ের উপর আলোচনা করা হয়, যেমনঃ তথ্য প্রকাশ করার সবচেয়ে প্রাসঙ্গিক বিষয়কে নির্ধারণ করা, সাসটেইনিবিলিটি রিপোর্টিং এর ক্ষেত্রে অংশীজনদেরকে সম্পৃক্ত করা, রিপোর্ট এর রূপরেখা তৈরি করা ইত্যাদি। এই জি আর আই (GRI) এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) প্রোগ্রাম সমূহ মূলত নিম্নোক্ত বিষয়গুলোর উপর আলোকপাত করেঃ

- জি আর আই (GRI) সাসটেইনিবিলিটি রিপোর্ট এর বিভিন্ন বিষয় সম্পর্কে বিশদ আলোচনা
- গ্রুপ অনুশীলন এবং আলোচনা
- প্যানেলে আলোচনা
- কর্মশালার জন্য হোমওয়ার্ক এবং অ্যাসাইনমেন্ট
- সকল অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের সাথে আলাদা আলাদাভাবে অগ্রগতি পর্যালোচনা
- পিয়ার টু পিয়ার লার্নিং
- বিশেষজ্ঞ দ্বারা সহায়তা এবং প্রশিক্ষণ

## জি আর আই (GRI) এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) এর যৌথ প্রয়াস এবং জি আর আই (GRI) এর নিরবিচ্ছিন্ন সহযোগিতার মাধ্যমে অর্জিত উপকার

জি আর আই (GRI) এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) এর প্রোগ্রাম সমূহ জি আর আই (GRI) স্ট্যান্ডার্ড – যা বিশ্বের সব থেকে গ্রহণযোগ্য সাসটেইনিবিলিটি রিপোর্টিং স্ট্যান্ডার্ড – অনুযায়ী সাসটেইনিবিলিটি রিপোর্ট তৈরি করতে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান সমূহ কে মূল্যবান সহায়তা প্রদান করে। জি আর আই (GRI) এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) প্রোগ্রামগুলিতে অংশ নেওয়ার সুবিধা সমূহের মধ্যে রয়েছেঃ

- বিশেষজ্ঞ এবং পেশাজীবী দ্বারা রিপোর্টিং এর প্রক্রিয়া সম্পর্কে ব্যবহারিক পরামর্শ
- জি আর আই (GRI) এর যাবতীয় সহায়ক ও উপকরণ সমূহ হাতে পাওয়া
- জি আর আই (GRI) স্ট্যান্ডার্ড এবং তার বাস্তবায়ন সম্পর্কে গভীর জ্ঞান
- ঊর্ধ্বতন কর্তৃপক্ষ অথবা বোর্ড সদস্যদের জন্য আলাদা কর্মশালার ব্যবস্থা করার সুযোগ
- নতুন এবং পুরাতন সাসটেইনিবিলিটি রিপোর্ট প্র্যাকটিশনারদের জন্য প্রয়োজনীয় সহায়তা ও দিক নির্দেশনা প্রদান করা, যেন তারা বৈশ্বিকভাবে গ্রহণযোগ্য এবং মানসম্পন্ন রিপোর্ট তৈরি করা
- সাসটেইনিবিলিটি রিপোর্ট সম্পর্কিত যে কোন প্রশ্নের উত্তর/সমাধান

এছাড়াও,

- প্রতিষ্ঠানের সাসটেইনিবিলিটি রিপোর্ট তৈরি করার জন্য নিবিড় সহায়তা
- **জি আর আই (GRI) ডিসক্লোজার ডাটাবেজে** রিপোর্ট প্রকাশ করার জন্য সহায়তা
- **জি আর আই (GRI) প্রদত্ত** বিভিন্ন ধরনের সহযোগিতা যেমনঃ **ম্যাটিরিয়ালিটি ডিসক্লোজার** এবং **কন্টেন্ট ইনডেক্স** তৈরি করা ইত্যাদি
- **জি আর আই (GRI) কমিউনিটিতে** যোগদানের সহায়তা প্রদান, যা জি আর আই (GRI) এর অনলাইন প্রোগ্রাম সমূহের মাধ্যমে এর বিভিন্ন বিষয় শিখতে সাহায্য
- **জি আর আই (GRI) একাডেমী** ব্যবহার করে সাসটেইনিবিলিটি সম্পর্কিত বিভিন্ন বিষয়বস্তু শেখার সুযোগ।

## জি আর আই (GRI) স্ট্যান্ডার্ড অনুযায়ী সাসটেইনিবিলিটি রিপোর্ট তৈরির সুবিধাসমূহঃ

- জাতীয় ও আন্তর্জাতিক আইন, নীতি, কোড এবং মানদন্ডের ব্যবহার সম্পর্কে অবহিত হওয়া এবং তা অনুশীলন করা
- অন্যান্য প্রতিষ্ঠান থেকে প্রতিযোগীতায় এগিয়ে থাকা
- প্রতিষ্ঠানের পরিবেশ ও সামাজিক দায়বদ্ধতার সম্পর্কে ক্লায়েন্টকে অবহিত করা
- টেকসই উন্নয়নের বিষয়ে প্রতিষ্ঠানের প্রতিশ্রুতিবদ্ধতা প্রদর্শন করা
- প্রতিষ্ঠানের টেকসই উন্নয়ন সম্পর্কিত অতীত ও বর্তমানের কাজগুলোর তুলনা করা
- ঝুঁকি ব্যবস্থাপনা এবং বিনিয়োগকারীদের মধ্যকার সম্পর্ক উন্নত করা
- অংশীজন সম্পৃক্তকরণ ও তাদের সাথে সম্পর্কের উন্নয়ন
- টেকসই উন্নয়ন সম্পর্কে প্রতিষ্ঠানের কর্মীদের প্রেরণা প্রদান এবং সম্পৃক্ত করা

> “ বর্তমান সময়ে ব্যবসায়িক ও সামাজিক, উভয় ক্ষেত্রেই সাসটেইনিবিলিটি রিপোর্টিং একটি গুরুত্বপূর্ণ বিষয়। জি আর আই (GRI) এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) এর কর্মশালাগুলো থেকে আমি ব্যবহারিক জ্ঞান লাভ করেছি এবং জি আর আই (GRI) স্ট্যান্ডার্ড অনুযায়ী কিভাবে সাসটেইনিবিলিটি রিপোর্ট তৈরি করতে হয়, তা শিখতে পেরেছি। এখন আমি সাসটেইনিবিলিটি রিপোর্ট তৈরি করার জন্য আমাদের প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে বিভিন্ন তথ্য দিয়ে সহায়তা ও উদ্বুদ্ধ করতে পারবো।
>
> **মো: আবদুল সালাম খান**, কোম্পানি সেক্রেটারি,
> বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানি লিমিটেড

## যোগাযোগ করুনঃ


**রুবিনা পাল**
ম্যানেজার,
জি আর আই সাউথ এশিয়া
pal@globalreporting.org
GRI Website: www.globalreporting.org

**সৈয়দ আল আমিন রহমান**
ডি জি এম এবং প্রোডাক্ট ও মার্কেট ডেভেলপমেন্ট হেড,
ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড
syed.rahman@dse.com.bd
DSE website: www.dsebd.org